আলমডাঙ্গার কুমারী গ্রামবাসীর নববর্ষ পালন ও মতবিনিময় সভা

আলমডাঙ্গা উপজেলার কুমারী গ্রামবাসীর উদ্যোগে বাংলা নববর্ষ পহেলা বৈশাখ পালন ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গত রবিবার দিনব্যাপী বিভিন্ন আয়োজনের মধ্যদিয়ে বাংলা নববর্ষ পালিত হয়।

নববর্ষ পালন ও মতবিনিময় সভায় কুমারী ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা আব্দুল গণি।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা উত্তর আওয়ামীলীগের দারুস সালাম থানা শাখার যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক মোমিন চৌধুরী ডাবু।

প্রধান বক্তা মোমিন চৌধুরী ডাবু সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বলেন, আমি আপনাদেরই সন্তান। কারো ভাই আবার কারো চাচা ও ভাতিজা। আমি ও আমার ভাই ঢাকাতে বসবাস করি। দীর্ঘদিন ধরে আমরা আলমডাঙ্গা উপজেলার মানুষের কল্যাণে আমরা কাজ করে যাচ্ছি। এলাকার কোন মানুষ আমাদের কাছে গেলে আমরা যথাসাধ্য চেষ্টা করেছি তাঁদের পাশে দাঁড়ানোর। সব ধরণের সহযোগিতা করে আসছি। ভবিষতেও করে যাবো। তাই আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে আমি চেয়ারম্যান প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করতে চাই। আশা করি আপনারা আমার পাশে থাকবেন। আমাকে সহযোগিতা করবেন।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন সমাজ সেবক সাবু চৌধুরী, সাবেক মেম্বার মহাসিন আলী, সাবেক মেম্বার আবুল হাসেম, সাবেক হকে মেম্বার, শহিদুল ইসলাম, রবিউল ইসলাম আব্দুল কুদ্দুস, জহুরুল ইসলাম,আলম হোসেন, ইকলুসুর রহমান, আবু জাফর, আনোয়ার হোসেন, সরোয়ার হোসেন, আতিয়ার রহমান, মোজ্জামেল হক, সুজন আলী, আজিবর রহমান, ফারুক হোসেন প্রমুখ।

মুজিবনগরে উপজেলা পুষ্টি বিষয়ক সমন্বয় কমিটির মতবিনিময় সভা

মুজিবনগরে উপজেলা পুষ্টি বিষয়ক সমন্বয় কমিটির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার দুপুরে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের, আয়োজনে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সভাকক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা পুষ্টি বিষয়ক সমন্বয় কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ খায়রুল ইসলাম এর সভাপতিত্বে এবং মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার আসাদুজ্জামানের সার্বিক সঞ্চালনায়, মতবিনিময় সভায়, প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত মহাপরিচালক ডাক্তার মোহাম্মদ মাহবুবুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা সিভিল সার্জন ডা: মহী উদ্দিন আহমেদ, বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কার্যালয়ের পরিচালক ডা: তাহিরুল ইসলাম খান, জাতীয় পুষ্টি পরিষদ কার্যালয়ের উপ-পরিচালক ডা: মোহাম্মদ আক্তার ইমাম, যশোর সিভিল সার্জন কার্যালয়ের ক-অর্ডিনেটর মেডিকেল অফিসার ডা: নাজিয়া আন্দালিব, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা এবং বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

জাতীয় পুষ্টিনীতির মূল এই পাঁচটি উদ্দেশ্য বাস্তবায়নে, ১৯৭৫ সালে ২৩ শে এপ্রিল জাতির জনক বঙ্গবন্ধু পুষ্টি পরিষদের গঠন আদেশে স্বাক্ষর করেন।

১. জনগণের, বিশেষত শিশু, কিশোরী, গর্ভবর্তী ও দুগ্ধদানকারী মাসহ সব নাগরিকের পুষ্টি অবস্থার উন্নতি সাধন:

২. বৈচিত্র্যপূর্ণ, পর্যাপ্ত ও মানসম্পন্ন নিরাপদ, সুষম খাদ্য ও স্বাস্থ্যসম্মত খাদ্যাভ্যাস নিশ্চিত করা।

৩. পুষ্টিকেন্দ্রিক (nutrition specific) বা প্রত্যক্ষ পুষ্টি কার্যক্রম জোরদার করা।

৪. পুষ্টি সম্পর্কিত (nutrition sensitive) বা পরোক্ষ পুষ্টি কার্যক্রম জোরদার করা। জাতীয় পুষ্টিনীতির উদ্দীষ্ট জনগোষ্ঠী বাংলাদেশের সব নাগরিকের জন্য পর্যাপ্ত পুষ্টি নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় পুষ্টিনীতি ২০১৫-কে অনুসরণ করে দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনায় জীবনচক্রব্যাপী পন্থা গ্রহণ করা হয়েছে। নির্দিষ্ট জনগোষ্ঠীর মধ্যে আছে।

জীবনের প্রথম ১০০০ দিন; অর্থাৎ ভ্রুণ অবস্থা থেকে শুরু করে শিশুর ২৩ মাস বয়স পর্যন্ত কিশোরী গর্ভবতী ও দুগ্ধদানকারী মা বয়স্ক জনগোষ্ঠি শারীরিক, মানসিক ও বুদ্ধিপ্রতিবন্ধী জাতীয় পুষ্টিনীতির উদ্দীষ্ট জনগোষ্ঠী।

উপরোক্ত পুষ্টি নীতির সার্বিক বিষয়গুলোর নিয়ে বি শদ আলোচনা করেন আমন্ত্রিত অতিথিবৃন্দ এ সময় আরো উপস্থিত ছিলেন স্বাস্থ্য কমপ্লেক্সের ডাক্তার এনজিও কর্মী সাংবাদিক ও জনপ্রতিনিধিবৃন্দ।

আলমডাঙ্গা বণিক সমিতির কার্যালয়ে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা

আলমডাঙ্গা বণিক সমিতির কার্যালয়ে আসন্ন ঈদুল ফিতর ও পবিত্র মাহে রমজানকে সামনে রেখে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে। আজ শনিবার সকাল সাড়ে ১০ টার দিকে এ মতবিনিময় সভায় অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ শেখ গনি মিয়া।

প্রধান অতিথির বক্তব্যে শেখ গনি মিয়া বলেন, মুসলিম সম্প্রদায়ের সবচাইতে বড় ধর্মীয় উৎসব হলো ঈদুল ফিতর ও মাহে রমজান। এই উৎসবকে সামনে রেখে এক শ্রেণীর চোর চক্র ব্যবসায়িদের নানা ভাবে হয়রানি

করে,তারা আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতি ঘটাতে চেষ্টা চালিয়ে যাচ্ছে।আপনারা আমাদের সহায়তা করলে তাদের ধরতে আমরা বদ্ধ পরিকর।তবে সিসি ক্যামেরা গুলি সচল করে দিতে হবে,কারণ সিসি ক্যামেরা সচল থাকলে অপরাধীদের চিহ্নিত করতে সহায়ক হয়।

অনুষ্ঠানে অন্য বক্তাগণ বলেন, মাদক সেবীদের অত্যাচারে সমাজ অতিষ্ট হয়ে পড়েছে।মাদকের কারণে আইন শৃঙ্খলা পরিস্থিতি নাজুক হওয়ার সম্ভবনা রয়েছে।তাই মাদক বন্ধে ওসি সাহেবকে কার্যকর ভুমিকা রাখতে অনুরোধ করেন ব্যবসায়ীরা ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসবে উপস্থিত ছিলেন বণিক সমিতির সাবেক সভাপতি হাজী রফিক মিয়া, মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি রিয়াজ উদ্দিন। বণিক সমিতির সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুনের উপস্থাপনায় আরও বক্তব্য রাখেন সহ-সভাপতি আব্দুল কুদ্দুস, হোটেল মালিক সমিতি সভাপতি আনোয়ার হোসেন, সভাপতি গার্মেন্টস মালিক সমিতি বাবলু মিয়া, সম্পাদক রিপণ মিয়া, মটর সাইকেল মেকানিক সমিতির সভাপতি রুহুল উদ্দিন, কাঠব্যবসায়ি সমিতির সভাপতি আসাদুল হক ডিটো, সম্পাদক দেলোয়ার হোসেন, কাঁচা বাজার মালিক সমিতি সভাপতি ইমরুল কায়েস। বণিক সমিতির সহ-সভাপতি হাফিজুর রহমান, কোষাধ্যক্ষ আলাউদ্দিন আহমেদ, সাংগাঠনিক সম্পাদক আমিনুল ইসলাম বাবলু, সদস্য হামিদুল ইসলাম, জয়নাল ক্যাপ, তোতা মিয়া, রতন জমিদার, জসিম উদ্দিন, সিরাজুল ইসলাম প্রমুখ।

ঝিনাইদহে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে মতবিনিময় সভা

ঝিনাইদহে ‘সমৃদ্ধি’ প্রকল্পের কাজের অংশ হিসেবে সেবান প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে হোম বেইজড গার্মেন্টস নারী শ্রমিকদের সেবা প্রাপ্তি বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অক্সফ্যাম ইন বাংলাদেশ এর সহায়তায় ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর

বাস্তবায়নে আজ মঙ্গলবার সকালে ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর প্রশিক্ষণ কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর পরিচালক শরিফা খাতুন। সঞ্চালনা করেন সমৃদ্ধি প্রকল্পের সমন্বকারী মো: ছাব্দার হোসেন। সেবাপ্রদাকারী প্রতিষ্ঠানের পক্ষ থেকে আলোচনায় অংশগ্রহন করেন ঝিনাইদহ বিসিক এর উপ-ব্যবস্থাপক সেলিনা রহমান, ঝিনাইদহ সদর উপজেলা সমাজসেবা অফিসার আব্দুল হাই সিদ্দিক, ঝিনাইদহ সদর থানার এস আই মোঃ নূর ইসলাম, ঝিনাইদহ উত্তরা ব্যাংক লি: এর ব্যবস্থাপক প্রশান্ত কুমার বর্মন, ঝিনাইদহ সদর যুব উন্নয়ন অধিদপ্তরের মোঃ আশরাফুজ্জামান, দৈনিক অবজারভারের ডিস্ট্রিক করোসপোনডেন্ট জাফর উদ্দীন রাজু। বক্তারা স্ব-স্ব অধিদপ্তরের সেবা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং তাদের দপ্তরের সেবা সমূহ আন্তরিকতার সাথে প্রদানের দূঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

সবাই মিলে এই মিরপুর উপজেলাকে এগিয়ে নিতে চাই — কামারুল আরেফীন

কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনের নবনির্বাচিত সংসদ সদস্য কামারুল আরেফীন বলেছেন, সবাই মিলে এই মিরপুর উপজেলাকে এগিয়ে নিতে চাই। আমি এই উপজেলা পরিষদের চেয়ারম্যান ছিলাম। এখন জনগনের ভোটে এমপি নির্বাচিত হয়েছি। আমি সাধারণ মানুষের সেবা দিতে এসেছি। তিনি বলেন, কৃষি উন্নয়নের ক্ষেত্রে বিভিন্ন পরিকল্পনা গ্রহন করা হয়েছে। শিক্ষার মান উন্নয়নের জন্য কাজ করতে হবে। বিভিন্ন গবাদিপশু পালন ও মৎস খামার প্রকল্পের মাধ্যমে বেকার কর্মসংস্থান তৈরি করতে কর্মসূচি গ্রহন করা হয়েছে বলেও জানান তিনি।

আজ সোমবার (১৯ ফেব্রুয়ারী) সকালে মিরপুর উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধানদের সাথে মতবিনিময় সভায় তিনি একথা বলেন।

তিনি বলেন, আমার এই উপজেলার অবহেলিত মানুষ আমার মুখের দিকে চেয়ে আছে। এই উপজেলার মানুষের সবচেয়ে বেশি প্রয়োজন আর সেটি হলো স্বাস্থ্য সেবা। হাসপাতালের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে শীঘ্রই মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স্রে ৪১ লাখ টাকার উন্নয়ন কাজ হবে।

তিনি বলেন, আমি সাধারণ জনগনের সেবা ও মিরপুর উপজেলার ভাগ্য উন্নয়নের মাধ্যমে মডেল একটি উপজেলা গড়ার জন্য আপনাদের সাথে নিয়ে কাজ করবো। মানব কল্যাণ ও অবহেলিত মিরপুর উপজেলার ভাগ্যউন্নয়ন এটাই আমার মূল লক্ষ্য।

উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের উদ্দেশ্যে এমপি মহোদয় বলেন, আপনারা নিজ স্থানে থেকে মিরপুর উপজেলায় বিভিন্ন ধরনের মডেল প্রকল্প তৈরি করবেন। সেটা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার মাধ্যমে বাস্তবায়নের দ্বায়িত্ব আমার। আগামী পাঁচ বছরের মধ্যে আমি আমার মিরপুর উপজেলায় কৃষি, মৎস,গরীব,আসহায় ও বেকার যুবকদের ভাগ্য উন্নয়নের চিত্র পরিবর্তন করবো। একই সাথে সরকারী কর্মকর্তারা সততার সাথে নিজেকে মেলে ধরে ভালো কাজ করলে বছর শেষে তাদের পুরষ্কৃত করা হবে। আপনাদের সকলের সহযোগিতার মাধ্যমে আমি বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সহযোগিতায় একটি মডেল উপজেলা গড়বো।

মিরপুর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. জহুরুল ইসলামের সভাপতিত্বে মতবিনিময় সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান (ভার:) আবুল কাশেম জোয়ার্দার, সহকারি কমিশনার (ভূমি) মো. হারুন অর রশিদ, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মর্জিনা খাতুন, উপজেলা কৃষি অফিসার আব্দুল্লাহ আল মামুনসহ উপজেলায় কর্মরত সকল দপ্তর প্রধানগন।

মেহেরপুরে সশস্ত্র বাহিনী

বোর্ডের মতবিনিময় সভা

সশস্ত্র বাহিনী বোর্ডের উদ্যোগে মেহেরপুর সদর গাংনী ও মুজিব নগর উপজেলার সশস্ত্র বাহিনী প্রাক্তন সদস্যদের নিয়ে মতবিনিময় সভার আয়োজন করেছে।

বুধবার (১৪ ফেব্রুয়ারি) দুপুর ১ টা ৩০ মিনিটের সময় বাংলাদেশ প্রাক্তন সৈনিক সংস্থা মেহেরপুর জেলা ইউনিটের কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ প্রাক্তন সৈনিক সংস্থা মেহেরপুর জেলা ইউনিট কমান্ডের সভাপতি মোঃ মিনারুল ইসলামের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,মেজর মোছাঃ সাবিনা খাতুন।

এসময় তিনি সশস্ত্র বাহিনীর প্রাক্তন সদস্যদের ন্যায্য দাবী যথা প্রাক্তন সেনাসদস্যদের স্ত্রী-ছেলেমেয়ে বাবা-মা সহ দেশের যেকোন সরকারি হাসপাতালে সকল রোগের সম্পূর্ণ ফ্রী চিকিৎসা সেবা প্রদান ও ঔষধ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা এইসকল বিষয় নিয়ে উপস্থিত প্রাক্তন সদস্যদের সুখ-দুঃখের বিভিন্ন কথা ধৈর্য সহকারে শুনেন এবং পরবর্তী কার্যক্রমের জন্য ব্যবস্থা গ্রহণ করবেন বলে আশ্বাস প্রদান করেন।

এ ছাড়াও সিনিয়র ওয়ারেন্ট অফিসার মোহাম্মদ মাহবুবুর রহমান,বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক, বাংলাদেশ প্রাক্তন সৈনিক সংস্থা মেহেরপুর জেলা ইউনিট কমান্ডের বাংলাদেশ প্রাক্তন সৈনিক সংস্থা মেহেরপুর জেলা ইউনিট কমান্ডেরর সাধারণ সম্পাদক আব্দুল মান্নান, কোষাধক্ষ্য আব্দুল হামিদ ও অন্যান্য সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

স্মার্ট প্রযুক্তির মাধ্যমেই

বাংলাদেশকে উন্নয়নশীল রাষ্ট্রে পরিনত করতে হবে-জেলা প্রশাসক

ঝিনাইদহ জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম বলেছেন, স্মার্ট বাংলাদেশ গঠনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলস ভাবে কাজ করে চলেছেন। তাই, স্মার্ট প্রযুক্তি ব্যবহারের মাধ্যমেই বাংলাদেশকে একটি উন্নয়নশীল রাষ্ট্রে পরিনত করা সম্ভব। এজন্য সরকারী কর্মকর্তা, জনপ্রতিনিধি, শিক্ষক ও গণমাধ্যমকর্মী সহ সমাজের সবাইকে এগিয়ে আসতে হবে।

আজ সোমবার (৫ ফেব্রুয়ারি) দুপুর ১ টায় ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা পরিষদের সভাকক্ষে আইনশৃংখলা, যৌতুক, বাল্যবিবাহ, আত্মহত্যা, শিক্ষা ও দূর্নীতি বিরোধী সভায় জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা, শিক্ষক, গণমাধ্যমকর্মী ও স্থানীয় সুধীজনদের সাথে মতবিনিময়ে প্রধান অতিথির বক্তব্য তিনি এ কথা বলেন।

কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহানের সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশেষ অতিথি ছিলেন কালীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিকী ঠান্ডু।

মতবিনিময় সভায় জেলা প্রশাসক আরো বলেন, গত ৭ জানুয়ারি অবাধ, সুষ্টভাবে জাতীয় সংসদ নির্বাচন সম্পন্ন করায় মাননীয় প্রধানমন্ত্রী এ জেলার সকল সরকারী কর্মকর্তা, জনপ্রতিনিধি সহ আইনশৃংখলা বাহিনীর সদস্যদের অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রীর বার্তাটি তিনি সকল দপ্তরেই পাঠিয়েছেন। তিনি আরো বলেন, নির্বাচনকালীন সময়ে ঝিনাইদহ-৪ কালীগঞ্জ আসনের এক স্বতন্ত্র প্রার্থী বিভিন্ন ভূয়া অভিযোগ করেছিল। সেই সময়ে অভিযোগটি নিয়ে জেলা প্রশাসন দুই জন ম্যাজিষ্টেট দিয়ে তদন্ত করিয়েছিলেন। কিন্তু তার অভিযোগটি ভূয়া প্রমানিত হওয়ায় ওই সময়ে প্রার্থীর বিরুদ্ধে আদালতে একটি মামলা করা হয়েছিল। সেটি এখনো চলমান এবং শাস্তির আওতায় আসবে। সর্বশেষ তিনি এ আসনে শান্তিপুর্ণ নির্বাচন সম্পন্ন করার জন্য সকলকে ধন্যবাদ জানান।

কালীগঞ্জ উপজেলা প্রশাসনের আয়োজনে এ মতবিনিময়ে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হাবিবুল্লাহ হাবিব, উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, মহিলা ভাইস চেয়ারম্যান শাহানাজ পারভীন ও সকল ইউপি

চেয়ারম্যান, সাংবাদিক, মুক্তিযোদ্ধা প্রতিনিধি. শিক্ষা প্রতিষ্টানের প্রধান ও উপজেলা পরিষদের সকল দপ্তরের কর্মকর্তা সহ স্থানীয় সুধীজনেরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় সংসদ নির্বাচন পরবর্ত্তী মতবিনিময় সভায় রাজ্জাক খান

আলমডাঙ্গায় দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের স্বতন্ত্র প্রার্থী আলহাজ্ব এম এ রাজ্জাক খান নির্বাচন পরবর্ত্তী নেতাকর্মিদের সাথে মতবিনিময় সভা করেছেন।

তিনি আজ শনিবার বিকেলে ওয়াপদা চত্বরের এ মতবিনিময় সভার আয়োজন করেন। মত বিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে আলহাজ্ব এম এ রাজ্জাক খান বলেন,আমি মাত্র ১৬ দিন নির্বাচন করে আপনাদের ভালবাসায় শিক্ত হয়েছি।

আজকে যারা এখানে উপস্থিত হয়েছেন,তারা নির্বাচনে আমাকে জয়লাভ করার জন্য একাকার হয়ে কাজ করেছেন। অল্প দিনের মধ্যে আমি অনেকের নাম আয়ত্ব করেছি। আমি অনেকের নাম জানি,বহু নাম আমার মোবাইলে সেভ করা আছে। একটি একটি করে ফোন আসে, আমি তাদের সাথে কথা বলি। আমি মনে করি আমরা ভালোবাসায় আবদ্ধ হয়েছি। আমরা একটা প্রেমের বন্ধনে আবদ্ধ হয়েছি। আমি যেটা দেখেছি, মানুষ কেঁদেছে,মানুষ বলেছে,ভোট দেবো কোথায়? একটা জায়গা পেয়েছি সেটা হলো ফ্রীজ। আমি আবেগে আপ্লুত হয়েছি। একটা ভাই জড়িয়ে ধরে বললো ভোটটা দিয়ে ফেলেছি, আমি বললাম কোথায় দিয়েছেন, তিনি বললেন ১৪ টি ভোট ফ্রীজে দিয়েছি। এভাবে এই নির্বাচনে আমার প্রতি মানুষ যে ভালোবাসা দেখিয়েছে তা কখনো ভূলে যাবার নয়। আমি আপনাদের এই ভালোবাসায় কৃতজ্ঞ।

তিনি বলেন,আগামীতে আমি নৌকার মনোনয়ন নিয়ে আবার ভোট করবো,আপনারা এভাবেই আমার সাথে থাকবেন। আমি চুয়াডাঙ্গার এই জনপদকে একটি শান্তি ও সমৃদ্ধির জনপদ হিসেবে গড়ে তুলবো। আর আমার

কর্মিরা এখন থেকে উপজেলাসহ প্রতিটি নির্বাচনে অংশ গ্রহণ করবে। আমরা সেভাবেই প্রস্তুতি গ্রহণ করছি।

আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক চেয়ারম্যান মনিরুজ্জামান, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি রাশিদুজ্জামান দুদু, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য ও আলমডাঙ্গা উপজেলা মেম্বার এ্যাসোসিয়েসনের সভাপতি মঞ্জুর রহমান জান্টু, সাবেক আওয়ামীলীগ নেতা আবু তালেব, মেম্বার এ্যাসোসিয়েসনের সম্পাদক লাল্টু রহমান মেম্বার, বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব সমসের মল্লিক, লিটন খান, ওলিউর রহমান খান।

যুবলীগ নেতা রেজাউল ইসলামের উপস্থাপনায় বক্তব্য রাখেন জাহাঙ্গীর খান, মহসীন আলী, আনিসুর রহমান, রনি আহম্মেদ, নুহ মেম্বার, আব্দুল মজিদ, মুস্কানিন মেম্বার, মানোয়ার হেসেন, নাসির মাষ্টার, লাভলু চৌধুরি, কৃষকলীগ নেতা আলতাব হোসেন, আতিয়ার রহমান, ইছাহাক মন্ডল, আকতারুল ইসলাম প্রমুখ।

ঝিনাইদহে ডায়াবেটিক হাসপাতালে নবনির্বাচিত এমপি মহুল’র মতবিনিময় সভা

ঝিনাইদহ ডায়াবেটিক হাসপাতালে মতবিনিময় সভা করলেন ঝিনাইদহ-২ আসনের নবনির্বাচিত জাতীয় সংসদ সদস্য নাসের শাহরিয়ার জাহেদী মহুল।

আজ শনিবার (২০ জানুয়ারি) দুপুরে ঝিনাইদহ ডায়াবেটিক সমিতির সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে নাসের শাহরিয়ার জাহেদী মহুল ডায়াবেটিক হাসপাতালের উন্নয়নে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।

ঝিনাইদহ ডায়াবেটিক সমিতির সভাপতি মীর নাসির উদ্দীনের সভাপতিত্বে উপস্থিত ছিলেন ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী

হিজল, ঝিনাইদহ ডায়াবেটিক সমিতির সাধারন সম্পাদক মাহমুদুল হাসান ফোটন, জাহেদী ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক আবু শাহরিয়ার জাহেদী পিপুল, জাহেদী ফাউন্ডেশনের সমন্বয়কারী তবিবুর রহমান লাবু, শিক্ষানুরাগী মনোয়ার হোসেনসহ অন্যান্য সদস্যরা।

ঝিনাইদহে সমৃদ্ধি নারী সংঘ সদস্যদের সাথে মতবিনিময় সভা

ঝিনাইদহে সমৃদ্ধি নারী সংঘ সদস্যদের সাথে সেবা প্রাদানকারী প্রতিষ্ঠানের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার অক্সফাম ইন বাংলাদেশ এর সহযোগিতায় ও ঝিনাইদহের ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর আয়োজনে ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর সম্মেলন কক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উক্ত মতবিনিময় সভয় উপস্থিত ছিলেন ঝিনাইদহ ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর নির্বাহী পরিচালক শরিফা খাতুন, বিসিক ঝিনাইদহ জেলা কার্যলয়ের উপ-ব্যবস্থাপক সেলিনা রহমান মিনা, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের গ্রোগ্রাম কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা, উত্তরা ব্যাংকের কিশোরগঞ্জ শাখার ব্যবস্থাপক প্রষান্ত কুমার বর্মন, ঝিনাইদহ সদর উপজেলার সহ-সমাজ সেবা কর্মকর্তা মোঃ শহিদুল হক, সদর থানার ওসি অপারেশন সুজন কুমার, বিগবাজার মার্কেটের ব্যবসায়ী রফিকুল ইসলাম, সাংবাদিক জাফর উদ্দীন রাজু, জাতীয় মহিলা সংস্থার ওমর ফারুকসহ অন্যান্যরা।

আরো উপস্থিত ছিলেন হোম বেইজড গার্মেন্টস নারী শ্রমিকদের নেতৃবৃন্দ। হোম বেইজড গার্মেন্টস নারী শ্রমিকদের সুরক্ষা, অধিকার ও মর্যাদা বিষয়ে আলোচনা করা হয়।